দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 JAN 2018
পৃষ্ঠা ... কলাম 2

# ১১ দফা দাবিতে শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ

■ ইত্তেফাক ডেস্ক

শিক্ষাব্যবস্থা জাতীয়করণসহ ১১ দফা দাবি আদায়ে মঙ্গলবার দেশের বিভিন্ন স্থানে শিক্ষক-কর্মচারীরা মানববন্ধন, বিক্ষোভসহ নানা কর্মসূচি পালন করেছেন। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**বরিশাল:** শিক্ষক কর্মচারী সংগ্রাম কমিটি মানববন্ধন, বিক্ষোভ সমাবেশের পর প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছে।

অশ্বিনী কুমার হলের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। সদর উপজেলা কমিটির আয়োজনে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়। শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির সদর উপজেলার আহ্বায়ক দুলাল চন্দ্র মজুমদারের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের বিভাগীয় কমিটির প্রধান সমন্বয়ক অধ্যাপক মহসিন উল ইসলাম, আহ্বায়ক অধ্যক্ষ মশিউর রহমান, অধ্যাপক গৌরাঙ্গ চন্দ্র কুণ্ডু প্রমুখ।

**পিরোজপুর:** পিরোজপুর সদর উপজেলার শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির পক্ষ থেকে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে। শহরের ক্লাব রোডে মানববন্ধন শেষে শিক্ষক-কর্মচারীরা মিছিলসহ উপজেলা নির্বাহী অফিসারের হাতে এ স্মারকলিপি তুলে দেন। মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতি জেলা সভাপতি কাজী মুজিবুর রহমান, বাকবিশিস জেলা সাধারণ সম্পাদক ঈশ্বর চন্দ্র দাস, শিক্ষক সমিতি (একাংশ) জেলা সভাপতি অমল মন্ডল, বাকশিস জেলা আহ্বায়ক মো. নজরুল ইসলাম বাদশাসহ গৌতম কুমার সাহা প্রমুখ।

**ঝিনাইদহ:** শহরের পোস্ট অফিস মোড়ে মানববন্ধন করে শিক্ষক-কর্মচারী সংগ্রাম পরিষদ ঝিনাইদহ জেলা শাখা।

ঘণ্টাব্যাপী চলা এ কর্মসূচিতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার বিভিন্ন উপজেলা থেকে আসা শিক্ষকরা অংশ নেন। এ সময় বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখার সভাপতি জয়া রানী চন্দ, সিনিয়র সহ-সভাপতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির সদস্য আব্দুল মমিন প্রমুখ।

**মাগুরা:** শিক্ষক সমিতি মাগুরা সদর উপজেলা শাখা ও শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির উদ্যোগে মাগুরা প্রেসক্লাবের সামনের সড়কে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় সামছুজ্জামান সেলিম, আমিরুল ইসলাম প্রমুখ শিক্ষক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

**কাঠালিয়া (ঝালকাঠি):** উপজেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির উদ্যোগে সমাবেশ, বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি পেশ এবং সমাবেশ কাঠালিয়া পাইলট উচ্চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। শিক্ষক সংগ্রাম কমিটির আহবায়ক অধ্যক্ষ মো. আবুল বসার বাদশার সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা পরিষদ সদস্য এসএম আমিরুল ইসলাম লিটন, জেলা পরিষদ সদস্য রেবা রানী মন্ডল প্রমুখ।

**আগৈলঝাড়া (বরিশাল):** শিক্ষক-কর্মচারী সংগ্রাম পরিষদের আয়োজনে উপজেলা সদরে বিক্ষোভ মিছিল শেষে উপজেলা চত্বরে মানববন্ধন চলাকালে শিক্ষক কর্মচারী সংগ্রাম পরিষদের আহবায়ক শিক্ষক সুনিল কুমার বাড়ৈর সভাপতিত্বে বক্তব্য রাখেন অধ্যক্ষ মিজানুর রহমান মিজান, নাসির ইকবাল প্রমুখ।

**বামনা (বরগুনা):** বামনায় বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষকরা গোলচত্বরে ঘণ্টাব্যাপী মানববন্ধন করেন। এ সময় বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি নুরুল হক খান, সুপার মা. মো. নজরুল ইসলাম প্রমুখ। শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
পরিসংখ্যান বিভাগ
ডি.এস.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে